চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

চান্দগাঁও সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদক বিরোধী সমাবেশে মেয়র মাদক বহন ও বিতরণকারীদের বিরুদ্ধে জনমত গঠনের উপর গুরুত্বারোপ

চট্টগ্রাম- ৫ ফেব্রুয়ারি-২০১৯

মাদক সেবনকারীদের ঘৃণা না করে মাদক সেবন থেকে ফিরিয়ে এনে মাদকের উৎস ,বিতরণকারী ও বহনকারীদের বিরুদ্ধে জনমত গঠনের উপর গুরুত্বারোপ করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। তিনি বলেন বাংলাদেশ এগিয়ে যাচ্ছে এবং একটি উন্নয়নশীল দেশে রুপান্তরিত হচ্ছে। যাদের উপর এদেশের সমৃদ্ধি নির্ভর করছে-সেই তরুণ সমাজকে মাদকের ছোবল থেকে রক্ষা করতে হবে । তিনি আজ মঙ্গলবার সকালে চান্দগাঁওস্থ একটি কমিউনিটি সেন্টারে সন্ত্রাস,জঙ্গিবাদ,মাদক বিরোধী ও স্থানীয় জনসাধারণের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। চান্দগাঁও ওয়ার্ড আয়োজিত সমাবেশে সভাপতিত্ব করেন স্থানীয় কাউন্সিলর সাইফুদ্দিন খালেদ সাইফু। অনুষ্ঠানে দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক, চসিক আইন শৃংখলা স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর এইচ.এম.সোহেল, চসিক সাবেক কমিশনার আলহাজ্ব নুরুল ইসলাম, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস,নিবার্হী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার, সিনিয়র সহকারি পুলিশ কমিশনার দেবদূত মজুমদার ও মাদক অধিদপ্তরের সহকারী পরিচালক ইমদাদুল ইসলম বিশেষ অতিথির বক্তব্য রাখেন। অন্যান্যে মধ্যে মোহাম্মদ ইসা,এড.নিজাম উদ্দিন নিজু,খতিব কামাল উদ্দিন,শিক্ষক বদরুন নেসা ,নাসির বিল্লাহ তৌফিকুল ইসলাম,আলহাজ্ব নুর আহমদ প্রমুখ বক্তব্য রাখেন।সিটি মেয়র বলেন মাদকের ভয়াবহ ছোবল থেকে আমাদের তরুণ সমাজকে রক্ষা করতে হবে। এর জন্য প্রয়োজন মাদকের বিরুদ্ধে নগরবাসীকে সম্পৃক্ত করা । এর জন্য তিনি ওয়ার্ড কাউন্সিলর এর সমন্বয়ে রাজনৈতিক, বুদ্ধিজীবি, সাংবাদিক, শিক্ষক, চিকিৎসক, ইমাম, মন্দিরের ,গীজার ও ধর্মীয় প্রধানসহ সচেতন সকল স্তরের জনগনকে নিয়ে করে দ্রুত সময়ের মধ্যে নগরীর প্রতিটি ওয়ার্ডে সন্ত্রাস,জঙ্গিবাদ ও মাদক বিরোধী কমিটি গঠনের উপর গুরুত্বারোপ করেন।মেয়র বলেন একটি বিশেষ গোষ্ঠির ইন্ধনে মাদকে হারিয়ে যাচ্ছে আমাদের তরুণ প্রজম্ম। তাদেরকে ঘৃণা নয় । তাদেরকে বুঝিয়ে সুছিয়ে এবং পরিচার্যার মধ্যমে তাদেরকে স্বাভাবিক পথে ফিরিয়ে আনার দায়িত্ব আমাদের সকলের। মাদক নামক সংক্রামক রোগ থেকে দেশের তরুণ সমাজকে রক্ষা করা কথা উল্লেখ করে মেয়র বলেন তারা যদি স-ইচ্ছায় স্বাভাবিক পথে ফিরে আসতে চায়,সেই ক্ষেত্রে তাদেরকে মাদক নিরাময় কেন্দ্রে সর্বোচ্চ চিকিৎসা সেবা দেয়া হবে । যাদের ব্যয়ভার বহনের সমর্থ নেই তাদেরকে সহযোগিতা দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এই প্রসংগে মেয়র বলেন সন্তানরা যখন বড় হতে থাকবে তখন মা-বা ও অভিভাবকদের আরও গুরুত্বপূর্ণ কাজ তারা কোথায় যায় এবং কাদের সাথে মিশে সেদিকে নজর রাখা। মাদকাসক্তি,জঙ্গিবাদ ও সন্ত্রাসী মানসিকতার মানুষের সঙ্গে যদি কেই মেলামেশা করছে বলে জানা যায় তবে তা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং নিজের দ্বারা তা সম্ভব না হলে সন্ত্রাস জঙ্গিবাদ ও মাদক বিরোধী ওয়ার্ড কমিটির আহবায়ক কে জানানোর আহবান জানান মেয়র। মেয়র মাদক,সন্ত্রাস,জঙ্গিবাদ এর সাথে দুনীতিকে যুক্ত করার আহবান আহবান জানিয়ে বলেন এই চারটি পরস্পর পরিপুরক। মাদক,সন্ত্রাস,জঙ্গিবাদ ও দুনীতির বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স এর কথা উল্লেখ করে মেয়র বলেন সরকারের এই ঘোষনা বাস্তবায়নের জন্য প্রয়োজন জনসম্পৃক্ততা। তাই আরো বেশী জন সচেতনতা সৃষ্টির জন্য ওয়ার্ড কমিটি গুলোকে দায়িত্বশীল হওয়ার পরামর্শ দেন মেয়র।

(প্রেস বিজ্ঞপ্তি)

শহীদ মহিম উদ্দীন ফাউন্ডেশন আয়োজিত সভায়

শিশু শিক্ষার্থীদের বইয়ের চাপ কমিয়ে সংস্কৃতি কর্মকান্ডে সম্পৃক্তত করার আহবান মেয়রের

চট্টগ্রাম-৫ই ফেব্রুয়ারি-২০১৯

শিশু-কিশোর শিক্ষার্থীদের কাধে বইয়ের বোঝা শিশুর শারীরিক ও মানসিক বিকাশের অন্তরায় বলে উল্লেখ করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন। তিনি বলেন সরকারি বইয়ের বাইরে অতিরিক্ত কিছু বই,খাতার চাপে শিক্ষার্থীরা শিক্ষা বিমুখ হয়ে পড়ছে। বইয়ের পরিমান থেকে শিক্ষার্থীদের অতিরিক্ত চাপ মুক্ত করতে পারলে শিক্ষার্থীদের পরিপুর্ণ শারীরিক ও মানসিক বিকাশে সহায়ক হবে । এতে তাদের মেধাও মনন জাতি গঠনে উল্লেখযোগ্য অবদান রাখবে বলে তিনি প্রত্যাশা করেন। তিনি আজ মঙ্গলবার সকালে নগরীর একটি কমিউনিটি হলে শহীদ মহিম উদ্দীন ফাউন্ডেশন আয়োজিত বাগমনিরাম ওয়ার্ডের মেধাবী ও গরীব শিক্ষাথীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। শহীদ মহিম উদ্দীন ফাউন্ডেশন এর চেয়ারম্যান কাউন্সিলর মোহাম্মদ গিয়াস উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ইকুইটি প্রপার্টি লি: এর ব্যবস্থাপনা পরিচালক ডাক্তার কাজী আইনুল হক, জামাল খান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন ও বাওয়া স্কুল এন্ড কলেজ পরিচালনা পর্ষদের সদস্য উম্মে হাবিবা আঁখি বিশেষ অতিথির রাখেন। সভা পরিচালনা ছিলেন এস এম সিরাজ। অনুষ্ঠানে অন্যান্যে মধ্যে বক্তব্যে রাখেন আবুল বাশার,এম.আর আজিম,ফয়জুল কবির,সাইফুল আলম বাবু,প্রবীর কুমার চৌধুরী, জসীম উদ্দিন চৌধুরী,হাজী ফরিদ উদ্দিন,কামরুল হাসান , রফিকুল ইসলাম,হাবিবুর রহমান ও শওকত উল্লাহ প্রমুখ। সিটি মেয়র বলেন স্কুলে পাঠ্য ওঅতিরিক্ত বইয়ের পাঠ প্রস্তুতি জন্য কোমলমতি শিক্ষার্থীরা শারীরিক ও মানসিক দু"টোর চাপে থাকে। এতে তাদের মানসিক ও মননবোধ বুদ্ধির কাংখিত বিকাশ ঘটে না। এরি সাথে দুর্বল শিক্ষার্থীরা সব বিষয়গুলো সমানভাবে আশ্বস্থ করতে না পারায় পড়াশুনার প্রতি তারা উৎস হারিয়ে ফেলে। শিশু কিশোর শিক্ষার্থীদের উপর থেকে শিক্ষা চাপ কমিয়ে ক্রীড়া,সাংস্কৃতিক কর্মকান্ডে শিক্ষার্থীদের বেশী বেশী সম্পৃক্ততার উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীদের পাঠকে আনন্দময় করে তোলার আহবান জানান সিটি মেয়র । এই ফাউন্ডেশন চলতি বছর ৬ষ্ঠ শ্রেণী থেকে ১০তম শ্রেণী পর্যন্ত প্রায় ৮০০ জন মেধাবী ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ প্রদান করে। এসব শিক্ষা উপকরণ শিক্ষার্থীদের হাতে তুলে দেন সিটি মেয়র।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

ফেব্‌রুয়ারি